**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি পিএলসি)**
**ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মেসার্স এ. এইচ. এন্টারপ্রাইজ** এর স্বত্ত্বাধিকারী **জনাব মোঃ আবুল কাশেম**, পিতা- আবুল হোসেন সওদাগর, মাতা- চম্পা খাতুন, ব্যবসায়িক ঠিকানাঃ ৫৪, নুপুর মার্কেট (৩য় তলা) ৮৬, স্টেশন রোড, রিয়াজুদ্দিনবাজার, কোতোয়ালী, চট্টগ্রাম, স্হায়ী ঠিকানাঃ গোবিন্দরখীল, ৮ নং ওর্য়াড, পটিয়া, চট্টগ্রাম ও বর্তমান ঠিকানাঃ বাড়ি নং ৮২৫/এ, ফিরিঙ্গিবাজার, জিপিও, কোতোয়ালী, চট্টগ্রাম ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি পিএলসি), ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের **ক্ষমতা** ব্যাংক কে প্রদান করা আছে। ঋনগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋন পরিশোধ না করায় বিগত **৩১/০১/২০২৬ ইং** তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট **২,৭৭,৯১,৩২৩.৩৪** (দুই কোটি সাতাত্তর লক্ষ একানব্বই হাজার তিন শত তেইশ দশমিক তিন চার) টাকা সহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্হিত স্হাপনাদি যেখানে যে অবস্হায় আছে সেই অবস্হায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্হায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তপশীল

### Schedule- 1

(a) District-Chittagong, P.S./Upa-Zilla- Patiya, Mouza- Gobinderkhil, properties covered by registered sale deed No. 286 dated, 14.01.2015, comprised in the R.S. Khatian No.1338, part of R.S. plot No. 3809 corresponding to original B.S. Khatian No. 342, Mutation B.S. Khatian No. 2584, last Mutation B.S. Khatian No. 3343, part of B.S. plot No. 3446 measuring 0.09 acre land, bounded

On the North: Land of Abul Hossain Sawdagor and Abdul Mannan
On the South: Road
On the East: Self
On the West: Land of Abdul Mannan

(b) District-Chittagong, P.S./Upa-Zilla- Patiya, Mouza- Gobinderkhil, properties covered by registered sale deed No. 7736 dated 29.08.2013, comprised in the R.S. Khatian No.1338 and 1581, part of R.S. plots No. 3809 and 3810 corresponding to original B.S. Khatian No. 342 and 60, Mutation B.S. Khatian No. 2722, last Mutation B.S. Khatian No. 3083, part of B.S. plot No. 3447 and 3465 measuring 0.08 acre land, bounded

On the North: Land of Hajee Abul Hossain Sawdagor
On the South: Road
On the East: Remaining land B.S. Plot No. 3465
On the West: Land of B.S. Plot No. 3446

(c ) District-Chittagong, P.S./Upa-Zilla- Patiya, Mouza- Gobinderkhil, properties covered by registered sale deed No. 12347 dated 01.12.2011, comprised in the R.S. Khatian No.1632 and 1697, part of R.S. plots No. 3426 and 3587 corresponding to original B.S. Khatian No. 43 and 1440, Mutation B.S. Khatian No. 2115/01, last Mutation B.S. Khatian No. 2721, part of B.S. plot No. 4149 and 4115 measuring 0.27 acre land.

### Schedule- 2

District-Chittagong, P.S./Upa-Zilla- Patiya, Mouza- Gobinderkhil, property covered by registered sale deed No. 1260 dated 11.03.1998 comprised in the R.S. Khatian No.932, part of R.S. plots No. 3031 and 3033 corresponding original B.S. Khatian No. 627, part of B.S. Plots No. 3096 and 3098 B.S. Mutation Khatian No. 1849 with amicable possession in R.S. plot No. 3031 corresponding to B.S. Plots No. 3096 measuring 0.08 acre or 4 gonda land with 04 (Four) storied building constructed thereon, bounded

On the North: Md. Nur Ahmed Sowdagor
On the South: Annah Dut Road
On the East: Md. younus
On the West: Road

## নিলামের শর্তাবলী

(১) আগামী ০২/০৪/২০২৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ষ্টেশন রোড শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ষ্টেশন রোড শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম।**